

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৭

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: দশম শিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদ পুনঃযাচাই এবং স্মারক নং ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৭;
তারিখ: ১৩/০৯/২০২৬ বাতিলের চিঠি প্রত্যাহারের আবেদন বিষয়ক শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: এ কার্যালয়ে জনাব শহিদুল আলম কর্তৃক গত ২২/০৯/২০২৬ তারিখে '১০ম শিক্ষক নিবন্ধন সনদ পুনঃযাচাই এবং গত ১৮ মে ২০২৬ খ্রি. তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৭ নম্বর স্মারকমূলে জারিকৃত প্রত্যয়নপত্র যাচাই-প্রতিবেদনের চিঠি প্রত্যাহার সংক্রান্ত' বিষয়ে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, বড়ইবাড়ী নেছারিয়া আলিম মাদ্রাসা, নেছারাবাদ, পিরোজপুর, গত ২৫/০৮/২০২৬ তারিখে বনেআম/১৫-২৬ সংখ্যক স্মারকমূলে তার প্রতিষ্ঠানের ইবতেদায়ী শিক্ষক জনাব শহিদুল আলম এর এনটিআরসিএ সনদ যাচাই করার জন্য এ অফিসে পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের সাথে প্রেরিত জনাব শহিদুল আলম সনদটি জাল ও ভুয়া পাওয়া যায় যা এ কার্যালয়ের ১৩/০৯/২০২৬ তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৭ সংখ্যক স্মারক মূলে যাচাই প্রতিবেদন পত্র প্রেরণ করা হয়। এমতাবস্থায়, জনাব শহিদুল আলম, পিতা: ছত্তার মোল্লা, জুনিয়র শিক্ষক (বাংলা ও ইংরেজি) বড়ইবাড়ী নেছারিয়া আলিম মাদ্রাসা, নেছারাবাদ, পিরোজপুর ২২/০৯/২০২৬ তারিখে একটি পত্র প্রেরণের মাধ্যমে তার ১০ম শিক্ষক নিবন্ধন সনদ পুনঃযাচাই এবং বিগত ১৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৭ সংখ্যক স্মারকে প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদনের চিঠি বাতিলের আবেদন করেন। তিনি বলেন যে, সূত্রস্থ পত্রের মাধ্যমে তিনি জানতে পারেন তার নিবন্ধন সনদটি জাল/ভুয়া। তিনি দাবি করেন যে, তিনি নিজে পরীক্ষায় অংশগ্রহণ করে বৈধভাবে উত্তীর্ণ হয়েছেন এবং তার মূল সনদ, এ্যাডমিট কার্ডসহ সব তথ্য শতভাগ সঠিক। বর্ণিতাবস্থায়, জনাব শহিদুল আলম-কে নিম্নবর্ণিত কাগজপত্রাদির এক সেট সত্যায়িত অনুলিপি সহ আগামী ১৩/১০/২০২৬ খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) শিক্ষক নিবন্ধন পরীক্ষার মূল প্রত্যয়নপত্র,
- (খ) শিক্ষক নিবন্ধন পরীক্ষার মূল প্রবেশপত্র,
- (গ) নিয়োগপত্র,
- (ঘ) যোগদানপত্র
- (ঙ) জাতীয় পরিচয়পত্র
- (চ) শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র।

০৪-১০-২০২৬

মোহাম্মদ মনজুরুল হাসান

পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)

ফোন : ০২-৪১০৩০১২৪

ইমেইল : director_exam@ntrca.gov.bd

জনাব শহিদুল আলম

পিতা: ছত্তার মোল্লা, জুনিয়র শিক্ষক (বাংলা ও ইংরেজি), বড়ইবাড়ী নেছারিয়া আলিম মাদ্রাসা, নেছারাবাদ, পিরোজপুর।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৭/১ (৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অধ্যক্ষ, বড়ইবাড়ী নেছারিয়া আলিম মাদ্রাসা, নেছারাবাদ, পিরোজপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জেলা: পিরোজপুর।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (পত্রটি এনটিআরসিএ- এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৫। পি.এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



A. Rahman

০৪-১০-২০২৬

ড. এস এম আতিয়ার রহমান
সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও
প্রত্যয়ন-৩)